

Estate Office
University of Dhaka
Dhaka -1000, Bangladesh.
Phone:9661900-73/4199, 4195
Fax: +88-02-55167810
Email: estateoffice.du@gmail.com



এস্টেট অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৯৬৬১৯০০-৭৩/এক্স-৪১৯৯, ৪১৯৫
ফ্যাক্স: ৮৮-০২-৫৫১৬৭৮১০
Email: estateoffice.du@gmail.com

নং এস্টেট: ৫৭৮৯


তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনস্থ সকল অফিস কক্ষে ব্যবহৃত সকল বৈদ্যুতিক ফ্যান নিয়মিত পরিষ্কার না করার কারণে প্রতিটি রুমের ফ্যানে ময়লা জমে থাকে। অফিসের সময়ে ফ্যানগুলো যখন চালু থাকে তখন নথিপত্রে ময়লা পড়ে। তাছাড়া ফ্যানগুলোতে জমে থাকা ময়লার কারণে সেবা গ্রহীতাসহ সকলে পর্যাপ্ত বাতাস পাচ্ছে না। যার ফলে দাপ্তরিক কাজকর্ম ব্যাহত হচ্ছে। তাই সকলকে নিজস্ব অফিস সহায়ক দ্বারা অফিস কক্ষের বৈদ্যুতিক ফ্যান সবসময় দায়িত্বশীলভাবে পর্যবেক্ষণ করে পরিষ্কার রাখা সহ নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

১. সকল অফিস কক্ষের বৈদ্যুতিক ফ্যান, লাইট ইত্যাদি পরিষ্কার করা।
২. অগ্নিকাণ্ড রোধে অফিসের সময় শেষে বৈদ্যুতিক ফ্যান, লাইট, কম্পিউটার ইত্যাদির সুইচ যথাযথভাবে বন্ধ করা।
৩. অফিস কক্ষের সকল নথিপত্র পরিষ্কার-পরিচ্ছন্ন করে মুছে রাখা।
৪. অফিস কক্ষের টেবিল, চেয়ার, আলমারি, ফ্লোর পরিষ্কার রাখা।
৫. ময়লা-আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলা।

উপরের বিষয়গুলোর প্রতি সচেতন থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সবিনয় অনুরোধ করছি।


ফাতেমা বিনতে মুস্তফা 28 APR 2026

এস্টেট ম্যানেজার
ঢাকা বিশ্ববিদ্যালয়

নং এস্টেট: ৫৭৮৯ (৫)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো: